

জনাব ইঞ্জিঃ মোঃ শফিকুল আলম ১ জুন ১৯৬৬ সালে শেরপুর জেলার নকলা উপজেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি ১৯৮৭ সালে বিএসসি(ইঞ্জিঃ), ১৯৯৫ সালে এম.এস.সি.(প্রোডাকশন ইঞ্জিঃ) এবং ২০০০ সালে এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট এ পোস্ট গ্র্যাজুয়েশন সম্পন্ন করেন।

তিনি সহকারী প্রকৌশলী হিসাবে ০৩ মার্চ ১৯৯০ তারিখে বিসিকে যোগদান করেন। চাকুরী জীবনে তিনি সহকারী প্রকৌশলী, সহযোগী অনুশদ সদস্য, উপাধ্যক্ষ, মহাব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করেন। গত ২২-০২-২০১৮ তারিখে তিনি অধ্যক্ষ হিসাবে বিসিক প্রশিক্ষণ ইনস্টিটিউট, উত্তরা, ঢাকায় যোগদান করেন এবং ২৮-০৬-২০১৮ তারিখ দায়িত্বভার গ্রহণ করেন।

তিনি ভারত, জার্মানী, সৌদি আরবসহ পৃথিবীর বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত। জিরকুর রেজা তাঁর সহধর্মিনী। তাদের দুই পুত্র ও এক কন্যা সন্তান রয়েছে।

তিনি শিক্ষাক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্য সার্ক কালচারাল ফোরাম কর্তৃক আয়োজিত 'মৈত্রী সন্মাননা-২০১৯' লাভ করেন।